দৈনিক সংবাদ

MAR. 01 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# নাটোরে ১৫৯টি স্কুল ভবন নির্মাণ ও সংস্কার কাজ হচ্ছে

নাটোর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ নাটোরে সাড়ে ৬ কোটি টাকা ব্যয়ে ১শ ৫৯টি স্কুলের নতুন ভবন নির্মাণ ও সংস্কারকাজ হচ্ছে। স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধানে ভবনগুলোর নির্মাণ ও সংস্কার হচ্ছে।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, নাটোরের ছয়টি উপজেলায় ৯শ ৩৮টি শিক্ষা প্রতিষ্ঠান আছে। এর মধ্যে ৬শ ৫৬টি সরকারি ও রেজিস্ট্রার্ড প্রাথমিক স্কুল, ৩৩টি নিম্ন মাধ্যমিক স্কুল, ৫৯টি মাদ্রাসা, ১শ ৫৭টি উচ্চ বিদ্যালয় ও ৩৩টি কলেজ। অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান স্বাধীনতার পর প্রতিষ্ঠা করা হয়। কিন্তু দীর্ঘদিন সংস্কারের অভাবে জরাজীর্ণ। চলতি বছর ১শ ৫৯টি নতুন ভবন নির্মাণ ও সংস্কার হলে ৫০ হাজার ছাত্রছাত্রী উন্নত পরিবেশে লেখাপড়ার সুযোগ পাবে।